৫০ দিন পর মেহেরপুরে করোনায় একজনের মৃত্যু

৫০ দিন পর মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে মহাসিন আলী (৬৫) একজনের মৃত্যু হয়েছে। তিনি মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের বাসিন্দা। দীর্ঘ ১৫দিন ধরে তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। আজ শনিবার ভোরে তিনি চিকিৎসাধীন অবস্থায় মারা যান। এর আগে মেহেরপুরে সবশেষ গত ২৮ অক্টোবর করোনায় আক্রান্ত হয়ে মৃতবরণের ঘটনা ঘটেছিলো। এ নিয়ে মেহেরপুর জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলেন ১৮৩ জন।

কোটচাঁদপুরে আ.লীগের বর্ণাঢ্য বিজয় শোভাযাত্রা অনুষ্ঠিত

মহান মুক্তিযুদ্ধে বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিপুল উৎসাহ উদ্দীপনায় একটি বর্ণাঢ্য বিজয় শোভাযাত্রা করেছে স্থানীয় আ.লীগ।

শনিবার বিকালে উপজেলা আ.লীগের আয়োজনে ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য শফিকুল আজম খাঁন চঞ্চলের নের্তৃত্বে বর্ণাঢ্য এই শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। বাদ্য যন্ত্রসহকারে শোভাযাত্রায় স্থানীয় আ.লীগ ও এর অংগ সংগঠনের বিপুল সংখ্যক নেতা, কর্মী ও সমর্থক অংশ নেয়।

শোভাযাত্রাটি সনি আবাসিক হোটেলের সামনে থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে হোটেলটির সামনে শেষ হয়। পরে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন প্রধাণ অতিথি ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক

শাহজাহান আলী. উপজেলা আ.লীগের সিনিয়র সহ সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, পৌর আ.লীগের আহবায়ক অধ্যাপক ফারজেল হোসেন মন্ডল ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম প্রমূখ।

শিক্ষার্থীদের কাছ থেকে বই ফেরত নিলেন প্রধান শিক্ষক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার চাকুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে জোরপূর্বক বই ফিরিয়ে নেয়ার অভিযোগ উঠেছে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে। তিনি ওই বিদ্যালয়ের প্রথম শ্রেণী ও চতুর্থ শ্রেণীর সকল শিক্ষার্থীদের কাছ থেকে সরকারের দেয়া বই ফিরিয়ে নেন।

গত মঙ্গলবার ও বুধবার সকালে ওই বিদ্যালয়ের দুটি শ্রেণীর সকল শিক্ষার্থী তাদের বই ফিরিয়ে দেয়। সরকারি ভাবে কোন নির্দেশনা না থাকলেও শিক্ষার্থীদের কাছ থেকে বই ফিরিয়ে নেয়ায় বিদ্যালয়ের শিক্ষার্থীতের ভিতর ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এ ঘটনায় চাকুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আরিফা খাতুনকে মৌখিক ভাকে শোকজ করা হয়েছে। শনিবার সরকারি অফিস বন্ধ থাকায় রোববার শোকজের কপি প্রধান শিক্ষকের নিকট পাঠানো হবে বলে জানান দামুড়হুদা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার।

একাধিক শিক্ষার্থী ও অভিভাবকের অভিযোগের ভিত্তিতে জানা গেছে, দামুড়হুদা উপজেলার চাকুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আরিফা খাতুন ওই বিদ্যালয়ের প্রথম শ্রেণী ও চতুর্থ শ্রেণীর সকল শিক্ষার্থীদেরকে চলতি বছরের তাদের ব্যবহৃত বই ফেরত দিতে বলেন। সকল শিক্ষার্থীদের তিনি সাফ জানিয়ে দেন যারা পুরাতন বই ফেরত না দিবে তাদেরকে পরবর্তী ক্লাসের নতুন বই দেয়া হবে না।

সেই অনুযায়ী গত বুধবার শিক্ষার্থীরা তাদের যার যার বই প্রধান শিক্ষকের নিকট ফেরত দেয়। বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর শিক্ষার্থী

ফারহানা বলেন, আমি বই দিতে না চাইলে আমাকে পরবর্তী ক্লাসের নতুন বই দেয়া হবে না বলে প্রধান শিক্ষক জানিয়ে দেয়। আমি বই ফেরত দিয়েছি। চাকুলিয়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা নুরু গুলজার বলেন, আমার এক নাতনী ওই বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে লেখাপড়া করে। প্রধান শিক্ষক তার বই ফেরত নিয়েছে। শুনেছি সরকারি ভাবে বই ফেরত নেয়ার কোন নিয়ম নেই। তারপরও কেন বই ফেরত নেয়া হলো আমার জানা নেই।

এদিকে, সরকারি বই ফেরত নেয়ায় অত্র এলাকার অভিভাবকদের ভিতর ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের দাবি জানিয়েছে। এ ব্যাপারে জানতে চাইলে চাকুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আরিফা খাতুনের মুঠো ফোনে একাধিকবার কল করলেও তিনি ফোন রিসিভ করেননি।

এ ব্যপারে জানতে চাইলে দামুড়হুদা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বই ফেরত নেয়ার বিষয়টি আমি শুনেছি। তবে, সরকারি ভাবে বই ফেরত নেয়ার কোন নির্দেশনা আমাদের দেয়া হয়নি। বিষয়টি শোনার পর আমি ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আরিফা খাতুনকে মৌখিকভাবে শোকজের নির্দেশ দিয়েছি। যেহেতু আজ শনিবার অফিস বন্ধা সে কারনে আগামীকাল রোববার অফিস খোলার পর লিখিতভাবে শোকজের কপি প্রধান শিক্ষাকের কাছে পাঠাবো।

মেহেরপুর জেলা ছাত্রদলের কর্মী সম্মেলন অনুষ্ঠিত

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মুক্তি, বিদেশে সুচিকিৎসা ও সরকার পতনের আন্দোলন বেগবান করার লক্ষ্যে মেহেরপুর জেলা ছাত্রদলের উদ্যোগে কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল

শনিবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপি’র ঈদগাহ পাড়াস্থ কার্যালয় মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহাবুব সানির সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক তানজিল হাসান। এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতু, ওমর ফারুক লিটন, যুগ্ম সাধারণ সম্পাদক প্রফেসর ফয়েজ মোহাম্মদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজি মিজান মেনন।

কর্মী সম্মেলনে বক্তারা বলেন, গণতন্ত্র পুনরুদ্ধার আন্দোলনে দেশপ্রেমিক সবাইকে ঐক্যবদ্ধ হয়ে রাজপথে নামা ছাড়া বিকল্প নেই। দেশে গণতন্ত্র, ভোটাধিকার, আইনের শাসন বলতে কিছুই অবশিষ্ট নেই। ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনীকে পরাজিত করে তখনকার ছাত্র যুবক, তরুণরা ঐক্যবদ্ধভাবে দেশ স্বাধীন করেছিল, তেমনি আজকের তরুণ সমাজকেও বর্তমান ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারকে পরাজিত করে দেশে একটি জনগণের সরকার প্রতিষ্ঠা করতে হবে।

এখন সময় রাজপথে দুর্বার আন্দোলনের প্রস্তুতি নেওয়ার। যে আন্দোলনের মাধ্যমে শেখ হাসিনা সরকারের পতন ঘটে। যে আন্দোলনে গণতন্ত্রের মা খালেদা জিয়ার বিদেশে উন্নত চিকিৎসার সুযোগ পান। যে আন্দোলনের মাধ্যমে দেশে নিরপেক্ষ সরকার প্রতিষ্ঠা করতে পারি। যে আন্দোলনের মাধ্যমে আমাদের নেতা তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনার পরিবেশ সৃষ্টি করতে পারি।

এসময় বিএনপি নেতা সিরাজ উদ্দিন, ইউনুস আলী, করিম উদ্দিন, জেলা যুবদলের সহ সাংগঠনিক সম্পাদক শেখ হুজাইফা ডিক্লেয়ার, সদস্য মনিরুল ইসলাম মনি, খাইরুল ইসলাম, যুবদল নেতা ইসমাইল হোসেন, মুজিবনগর উপজেলা যুবদল নেতা এরশাদ আলী, ইদ্রিস আলী, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, তরিকুল ইসলাম,সহ-সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দিন মুজিবনগর উপজেলা ছাত্রদলের নেতা ইয়াসিন, আমঝুপি ইউনিয়ন ছাত্রদলের নেতা আলিফ, বাগোয়ান ইউনিয়ন ছাত্রদল নেতা বাসিম, কুতুবপুর ইউনিয়ন ছাত্রদল নেতা স্বপন হোসেন, জেলা নবীন দলের সাধারণ সম্পাদক আনোয়ার শেখ সহ জেলা বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা সমাবেশে উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে প্রতিপক্ষের মারধরে মেম্বার প্রার্থীর মৃত্যু

ঝিনাইদহের সদর উপজেলার টিকারী গ্রামে প্রতিপক্ষের মারধরে মাহমুদুল হক পলাশ (৩৮) নামে এক ফুটবল প্রতীকের মেম্বার প্রার্থীর মৃত্যু হয়েছে।

গত বৃহস্পতিবার সকালে সদর উপজেলার টিকারী গ্রামের নিজ বাড়িতে তার মৃত্যু হয়।নিহতের পরিবারের দাবি, আগামী ২৬ ডিসেম্বর চতুর্থ ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচন ঘিরে বুধবার রাতে মারধরের শিকার হন পলাশ।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা এ তথ্য নিশ্চিত করেছেন। স্থানীয় দের বরাতে তিনি জানান, গত বুধবার রাতে আনারস প্রতীকের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আবু সাঈদ শিকদারের নির্বাচনি প্রচারের সময় ওই ইউনিয়নের লক্ষ্মীপুর গ্রামে দুটি মোটরসাইকেল ভাঙচুর করা হয়।

এরই জেরে রাতেই টিকারী বাজারে আওয়ামী লীগের চেয়ারম্যান প্রার্থী শহিদুল ইসলাম শিকদারের নির্বাচনী কার্যালয় ও দুটি মোটরসাইকেল ভাঙচুর করা হয়।

এ সময় ৫ নম্বর ওয়ার্ডের মেম্বর প্রার্থী পলাশকে মারধর করার অভিযোগ ওঠে। সকালে বাড়িতে মারা যান পলাশ।নাড়িকেলবাড়ীয়া পুলিশ ক্যাম্পের এসআই তৌহিদুল ইসলাম জানান, বৃহস্পতিবার সকালে অন্য পুলিশ সদস্যদের নিয়ে ঘটনাস্থলে যান।

সেখানে নৌকা প্রতীকের সমর্থকরা পুলিশের ওপর হামলা চালায়। এতে এসআই তৌহিদুল আহত হলে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। তিনি জানান, এলাকায় উত্তেজনা বিরাজমান রয়েছে। সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

নৌকা প্রতীকের চেয়ারম্যান প্রার্থী শহিদ শিকদার বলেন, গতকাল রাতে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আবু সাঈদের সমর্থকরা আমার নির্বাচনী কার্যালয়ে হামলা চালিয়ে ২টি মোটরসাইকেল ভাঙচুর ও

পলাশসহ কয়েকজনকে মারধর করে আহত করে। আহত পলাশ সকালে তার নিজ বাড়িতে মারা যায়।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মেহেরপুর জেলা আ.লীগের আনন্দ র্যালী

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষিকী ও মহান মুক্তিযুদ্ধে বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুর থেকেই খন্ড খন্ড মিছিল নিয়ে ড. শহীদ সামসুজ্জো পার্কে জড়ো হতে থাকে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগসহ অঙ্গসংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ ও কর্মীরা।

বিকাল সাড়ে ৪ টার দিকে শহরের ড. শহীদ সামসুজ্জো পার্ক থেকে একটি আনন্দ মিছিল বের হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেনের নেতৃত্বে শোভযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয় চত্তরে গিয়ে শেষ হয়। পরে সেখানে বর্তমান সরকারের উন্নয়ন কর্মকাণ্ড নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রীর স্ত্রী ও কেন্দ্রীয় যুব মহিলা লীগের সদস্য মোনালিসা ইসলাম, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন চুন্নু, গাংনী পৌর মেয়র আহম্মদ আলী, দপ্তর সম্পাদক মকলেছুর রহমান, আইন বিষয়ক সম্পাদক অ্যাড. পল্লব ভট্টাচার্য, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহজামান, বারাদি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামীম ফেরদৌস,

সাধারণ সম্পাদক মোমিনুর রহমান মোমিন, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি কামাল হোসেন, সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক আরিফুল এনাম বকুল, যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান মতিন, শহর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি কামাল জুয়েল, সাধারণ সম্পাদক ইবনে মামুন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, সহ-সভাপতি দুলাল মাহমুদ, সাবেক সভাপতি বারিকুল ইসলাম লিজন, থানা ছাত্রলীগের সভাপতি বায়েজিদ, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন, সাধারণ সম্পাদক শেখ সাদি, কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক একে কুতুব উদ্দিনসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগসহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ ও কর্মীরা বিজয় মিছিলে অংশ নেয়।

মহান বিজয় দিবস উপলক্ষে ঝিনাইদহ জেলা ছাত্রলীগ বিজয় শোভাযাত্রা

মহান বিজয় দিবসের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে ঝিনাইদহ জেলা ছাত্রলীগ বিজয় শোভাযাত্রার আয়োজন করে। শনিবার সরকারি কে.সি কলেজের সামনে থেকে বিজয় শোভাযাত্রাটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সরকারি কে.সি কলেজের শহীদ মিনার চত্ত্বরে এসে শেষ হয়। পরে সংক্ষিপ্ত এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ,সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল,যুগ্ম-সাধারণ সম্পাদক আরাফাত আব্দুল্লাহ এপি, তৌহিদুল ইসলাম,সাংগঠিনক সম্পাদক সজীব হোসেন, সুরুজ আলী,শিমুল হোসেন, উপ কর্মসংস্থা সম্পাদক, তাপস কুণ্ডু, সরকারি কে.সি কলেজ ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক রিপন,সিটি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফারুক হোসেনসহ আরো অনেকে।

ঝিনাইদহে দুস্থ ও অসহায়দের মাঝে শীতবস্ত্র বিতরণ

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে ঝিনাইদহে দুস্থ ও অসহায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শনিবার সকালে শহরের পায়রা চত্বরে জেলা ট্রাক শ্রমিক সমাজ কল্যাণ সংস্থার পক্ষ থেকে এ বস্ত্র বিতরণ করা হয়।

জেলা ট্রাক শ্রমিক সমাজ কল্যাণ সংস্থার সভাপতি জাহাঙ্গীর আলম সাগর’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা। প্রধান বক্তা ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, বিশেষ অতিথি ছিলেন জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল সামী। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা ট্রাক শ্রমিক সমাজ কল্যাণ সংস্থার সাধারণ সম্পাদক মোস্তফা কামাল মোশারেফ।
পরে সদর উপজেলার বিভিন্ন এলাকা থেকে আসা শ্রমিক, শারিরীক প্রতিবন্ধীসহ ৬’শ ৭০ জন শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীতবস্ত্র পেয়ে সন্তষ্টি প্রকাশ করেন অসহায় মানুষগুলো।

ঝিনাইদহে ভোট গ্রহন কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মশালা

ঝিনাইদহে সদর উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচনের ভোট গ্রহন কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
শনিবার সকালে শহরের কালেক্ট্ররেট স্কুল এন্ড কলেজে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। আগামী ২৬ডিসেম্বর ৪র্থ ধাপের ইউপি নির্বাচনে

ঝিনাইদহ সদর উপজেলার ১৫টি ইউনিয়নে এই ভোট গ্রহন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে ১৫টি ইউনিয়নের ১৪৮টি ভোট কেন্দ্রের জন্য ১৫৩জন প্রিজাইডিং অফিসার, ৭৬১টি বুথের জন্য ৭৮০ সহকারী প্রিজাইডং ও পোলিং অফিসারদের প্রশিক্ষণ প্রদান করা হয়।
প্রশিক্ষণ শেষে উপজেলা নির্বাহী অফিসার এস এম শাহিনের সভাপতিত্বে সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে দিক নির্দেশণা মূলক বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। এছাড়া আরও বক্তব্য রাখেন জেলা নির্বাচন অফিসার আব্দুস ছালেক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহাম্মদ সোহেল রানা, উপজেলা নির্বাচন অফিসার মশিউর রহমান প্রমূখ।
আলোচনায় প্রধান অতিথি বলেন আপনারা নির্ভয়ে ভোট গ্রহন করবেন। প্রশাসন আপনাদের সকল ধরণের সহযোগিতা করবে। কোন সন্ত্রাসী বা পেশি শক্তি কাছে আপনারা নত হবেন না প্রয়োজনে ভোট বন্ধ করে দেওয়ার অধিকার আপনাদের আছে। সে কারনে অবাধ ও সুষ্ঠু নির্বাচন উপহার দেওয়া সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের নির্বাচন সম্পন্ন:: পুনরায় সভাপতি তোজাম্মেল আযম, সম্পাদক মাহাবুব চান্দু

যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযমকে সভাপতি ও ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দুকে পুনরায় সাধারণ সম্পাদক করে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে।

শনিবার মেহেরপুরের ঐতিহ্যবাহী আমঝুপি নীলকুঠি চত্বরে ক্লাবের বার্ষিক সাধারণ সভা শেষে দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচন পরিচালনায় দায়িত্ব পালন করেন মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক ও গবেষক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু। তিনি নব নির্বাচিত সদস্যদের নাম ঘোষনা করেন।

অন্য সদস্যরা হলেন- সহসভাপতি চানেল নাইন প্রতিনিধি আবু নাসের চৌধুরী, যুগ্ম সম্পাদক বাংলাটিভি প্রতিনিধি আক্তারুজ্জামান, অর্থ সম্পাদক বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, গণযোগাযোগ সম্পাদক জবাবদিহী প্রতিনিধি এ সিদ্দিকী শাহীন, দপ্তর সম্পাদক আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, নির্বাহী সদস্য ডেইলি স্টার প্রতিনিধি ড. আমানুর আমান, মাটির ডাক প্রতিনিধি মুহম্মদ মহসীন, দিনকাল প্রতিনিধি হারুন অর রশিদ চৌধুরী, ভোরের কাগজ প্রতিনিধি মর্তুজা ফারুক।

এর আগে সাধারণ সভায় তোজাম্মেল আযমের সভাপতিত্বে বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, বাংলাটিভি প্রতিনিধি আকতারুজ্জামান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন।